

## 💵 হারাম ও কবিরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ্ পরিচিতি রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

১৭. স্ত্রীর গুহ্যদার ব্যবহার অথবা মাসিক অবস্থায় তার সাথে সঙ্গম করা

১৭. স্ত্রীর গুহ্যদার ব্যবহার অথবা মাসিক অবস্থায় তার সাথে সঙ্গম করা:

কামোত্তেজনা প্রশমনের জন্য স্ত্রীদের মলদ্বার ব্যবহার অথবা মাসিক অবস্থায় তার সাথে সঙ্গম করা আরেকটি মারাত্মক অপরাধ। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উক্ত কর্মকে ছোট সমকাম বলে আখ্যায়িত করেছেন। 'আব্দুল্লাহ্ বিন্ 'আমর (রা.) থেকে বর্ণিত তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

هِيَ اللَّوْطِيَّةُ الصِّغْرَى، يَعْنِيْ الرَّجُلُ يَأْتِيْ إِمْرَأَتَهُ فِيْ دُبُرِهَا.

بِيَ اللَّوْطِيةَ الصَّعْرِي، يَعْنِيَ الرَّجِلُ يَاتِيَ إَمْرَاتُهُ فِي دَبْرِهَا.

''সেটি হচ্ছে ছোট সমকাম। অর্থাৎ পুরুষ নিজ স্ত্রীর মলদ্বার ব্যবহার করা''। (আহমাদ ৬৭০৬, ৬৯৬৭, ৬৯৬৮; বায়হাকী ১৩৯০০)

খুযাইমাহ্ বিন্ সা'বিত (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লা আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন: إِنَّ اللهَ لَا يَسْتَحْيِيْ مِنَ الْحَقِّ، ثَلَاثَ مَرَّات، لَا تَأْتُواْ النِّسَاءَ فِيْ أَدْبَارِهِنَّ.

"নিশ্চয়ই আল্লাহ্ তা'আলা সত্য বলতে লজ্জাবোধ করেন না। রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উক্ত বাক্যটি তিন বার বলেছেন। অতএব তোমরা মহিলাদের গুহ্যদার ব্যবহার করো না"।

(ইব্নু মাজাহ্ ১৯৫১ ইব্নু আবী শাইবাহ্, হাদীস ১৬৮১০)

আল্লাহ্ তা'আলা মহিলাদের গুহ্যদার ব্যবহারকারীর প্রতি রহমতের দৃষ্টি দিবেন না।

আবূ হুরাইরাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত তিনি বলেন: নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

لَا يَنْظُرُ اللهُ إِلَى رَجُلٍ جَامَعَ اِمْرَأَتَهُ فِيْ دُبُرِهَا.

"আল্লাহ্ তা'আলা এমন ব্যক্তির প্রতি রহমতের দৃষ্টি দেন না যে নিজ স্ত্রীর গুহ্যদ্বার ব্যবহার করে" (ইব্দু মাজাহ্ ১৯৫০ ইব্দু আবী শাইবাহ্, হাদীস ১৬৮১১)

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের গুহ্যদ্বার ব্যবহারকারীকে কাফির বলে আখ্যায়িত করেছেন। আবূ হুরাইরাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

مَنْ أَتَى النِّسَاءَ فِيْ أَعْجَازِهِنَّ فَقَدْ كَفَرَ.

''যে ব্যক্তি মহিলাদের গুহ্যদার ব্যবহার করলো সে যেন কুফরি করলো''। ('আব্দুর রায্যাক, হাদীস ২০৯৫৮)



আবূ হুরাইরাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম থেকে আরো বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

"যে ব্যক্তি কোন ঋতুবতী মহিলার সাথে সহবাস করলো অথবা কোন মহিলার মলদ্বার ব্যবহার করলো অথবা কোন গণককে বিশ্বাস করলো সে যেন মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর অবতীর্ণ বিধানকে অস্বীকার করলো"। (তিরমিয়ী ১৩৫ ইব্দু আবী শাইবাহ্, হাদীস ১৬৮০৯)

রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মহিলাদের মলদ্বার ব্যবহারকারীকে লা'নত দিয়েছেন।

আবূ হুরাইরাহ্ সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহ্ছ আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

مَلْعُوْنٌ مَنْ أَتَى إِمْرَأَتَهُ فِيْ دُبُرِهَا.

''অভিশপ্ত সে ব্যক্তি যে নিজ স্ত্রীর মলদ্বার ব্যবহার করে"। (আবূ দাউদ ২১৬২)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=6669

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন